



## রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১

ফোন : ০২৪৭-৮৬০৫১৫  
ই-মেইল : dgmlad1@rakub.org.bd  
ওয়েব সাইট : www.rakub.org.bd

নাম  
স্বাক্ষর

ঋণ/অবি-১ সার্কুলার নং-০৫/২০১৮

তারিখ : ০৫.০৭.২০১৮

বিষয় : প্রকল্প/চলতি পুঁজি/এসএমই ঋণ প্রস্তাবের প্রাথমিক অনুমোদন প্রক্রিয়া বাতিলকরণ প্রসঙ্গে।

বিগত ২০০৬ সালে ব্যাংকের তারল্য সংকট মোকাবেলার জন্য ঢালাওভাবে বাড়তি ঋণ প্রদানের প্রবণতা রোধকল্পে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা দিয়ে ঋণ ও অগ্রিম বিভাগ-১ থেকে ২৯.০৫.২০০৬ তারিখে পরিপত্র নং ০৩/২০০৬ জারী করা হয়। সে সময় নতুন প্রকল্প/চলতি পুঁজি ঋণ নিরুৎসাহিত করার জন্য ঐ সকল ঋণ প্রস্তাবের প্রাথমিক অনুমোদন পদ্ধতি চালু করা হয়। ২০০৮ সালে এ ব্যাংক থেকে জারীকৃত এসএমই ঋণ নীতিমালায় (ঋণ ও অগ্রিম বিভাগ-১ পরিপত্র নং-৩/২০০৮, তারিখ ৩১.০৭.২০০৮) ঋণের প্রাথমিক অনুমোদনের বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়।

০২। এ পদ্ধতি চালুর পর থেকে লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক উদ্যোক্তা/আবেদনকারী বিভিন্ন ধরনের প্রকল্প/চলতি পুঁজি/এসএমই ঋণের প্রস্তাব প্রাথমিক অনুমোদনের জন্য সরাসরি প্রধান কার্যালয়ে প্রেরণ করছেন, যাতে মাঠ কার্যালয়ের কোন মতামত থাকে না। মাঠ কার্যালয়ের মতামত ছাড়া এ সকল ঋণ প্রস্তাবের গ্রহণযোগ্যতা বিষয়ে কোন ধারণা না থাকায় সংশ্লিষ্ট ঋণ প্রস্তাবের বিষয়ে প্রধান কার্যালয় থেকে মাঠ কার্যালয়ের মতামত চাওয়া হয়। মাঠ কার্যালয়ের মতামত পাওয়ার পর ব্যাংক ব্যবস্থাপনা তা গ্রহণ করা বা না করার বিষয়ে সিদ্ধান্ত প্রদান করে থাকেন। এ প্রক্রিয়ায় অনেক সময়ক্ষেপণ হয়।

০৩। উদ্ভূত সমস্যা নিরসনকল্পে পরিচালনা পর্ষদের ৪৭৯তম সভায় (তারিখ ২৬.০৬.২০১৮) প্রকল্প/চলতি পুঁজি/এসএমই ঋণ প্রস্তাবের প্রাথমিক অনুমোদন প্রক্রিয়া বাতিল করা হয়েছে।

০৪। এমতাবস্থায় এখন থেকে প্রকল্প/চলতি পুঁজি/এসএমই ঋণ প্রস্তাবের প্রচলিত প্রাথমিক অনুমোদন/প্রাক-অনুমোদনের জন্য প্রধান কার্যালয়ে প্রস্তাব প্রেরণের প্রয়োজন হবে না। এক্ষেত্রে উদ্যোক্তাগণ তাদের ঋণ প্রস্তাব বিষয়ে সরাসরি শাখার সাথে যোগাযোগ করে শাখার চাহিদানুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহ করবেন। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে শাখা ব্যবস্থাপক ঋণ সংশ্লিষ্ট সকল তথ্যাদি যেমন উদ্যোক্তার আর্থিক অবস্থা; সামাজিক মর্যাদা; ব্যবসার অভিজ্ঞতা; ইকুইটির অর্থ খরচ করার সামর্থ্য; প্রকল্প ও চলতি পুঁজি ঋণের জামানত প্রদানের সামর্থ্য; জামানতের মূল্য ও বৈধ্যতা; ঋণ ঝুঁকি বহণ করার ক্ষমতা; প্রকল্পের আর্থিক, সামাজিক, অর্থনৈতিক, কারিগরি ও বাণিজ্যিক সম্ভাবনা ইত্যাদি যথাযথভাবে যাচাই-বাহাই, বিশ্লেষণ ও মূল্যায়নপূর্বক প্রস্তাবনাটি অনুকূল বিবেচিত হলে ব্যাংকের প্রচলিত নিয়মে আনুষ্ঠানিক ঋণ আবেদন গ্রহণ করে সুস্পষ্ট সুপারিশসহ উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।

০৫। ইহা অবিলম্বে কার্যকর হবে।

আপনার বিশ্বস্ত

(জগন্নাথ ঘোষ)

উপ-মহাব্যবস্থাপক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
ডায়েরী নং: .....  
তারিখ: .....  
নথি নং: .....

সূত্র নং-প্রকা/ঋণ/অবি-১/২৩৭/২০১৮-২০১৯/১৬(৪৪৪)

তারিখ : ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা / ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, রাজশাহী।
- ১১। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ১৪। অফিস নথি/মহানথি।

সহকারী মহাব্যবস্থাপক